দৈনিক ইত্তেফাক

তারিখ 19 JUN 1987 ... ...
পৃষ্ঠা... .. ... 1 কলাম 2 ...

036

# জীবনযাত্রার ব্যয় প্রায় ১২ ভাগ বৃদ্ধি

( অর্থনৈতিক রিপোর্টার )

সমাপ্তপ্রায় চলতি অর্থ বছরের প্রথম ৯ মাসে মধ্যবিত্ত মানুষের জীবনযাত্রার ব্যয়ভার বিগত অর্থ বছরের তুলনায় শতকরা ১১ দশমিক ৬১ ভাগ বাড়িয়াছে।

গতকাল ( বৃহস্পতিবার ) সংসদে জাতীয় বাজেট ঘোষণাকালে প্রকাশিত সমাপ্তপ্রায় বছরের অর্থনৈতিক জরিপে এই তথ্য প্রকাশ করা হয়। জরিপে উল্লেখ করা হয় যে, বর্তমান অর্থ বছরের প্রথম ৯ মাসে গড়ে খাদ্যখাতে শতকরা ১৫ দশমিক ৩

( ২য় পৃঃ দ্রঃ)

(১ম পৃঃ পর)

## জীবনযাত্রার ব্যয়

ভাগ, জ্বালানি ও বিদ্যুৎ খাতে গড়ে ১ দশমিক ৭ ভাগ, বাসস্থান ও গৃহস্থালি খাতে শতকরা ৯ দশমিক ১১ ভাগ, বস্ত্র ও পাদুকা খাতে শতকরা ৬ দশমিক ৫৯ ভাগ এবং বিবিধ খাতে ব্যয়বৃদ্ধির পরিমাণ শতকরা ১০ দশমিক ৮৪ ভাগ বৃদ্ধি পাইয়াছে।

অর্থনৈতিক জরিপে বলা হয়,

আলোচ্য বছরে দেশে মুদ্রাস্ফীতির হার ছিল শতকরা ৯ দশমিক ৪৮ ভাগ। বিগত অর্থ বছরে মুদ্রাস্ফীতির পরিমাণ ছিল শতকরা ৮ দশমিক ৬৪ ভাগ। জরিপে আরও বলা হয়, বিগত অর্থ বছরসমূহে অস্বাভাবিক হারে লক্ষ্যহীন ব্যাঙ্ক প্রেক্ষিতে

ব্যাঙ্কঋণ সম্প্রসারণ না করিয়া মেয়াদ উত্তীর্ণ ঋণ পরিশোধে উপর বিশেষ চাপ দেওয়া হয়।

ইহাছাড়া সরকার দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ ও স্থিতিশীল রাখার লক্ষ্যে বাণিজ্য মন্ত্রণালয়ে এক স্থায়ী মূল্য এবং একটি আন্তঃ মন্ত্রণালয় মূল্য পর্যালোচনা কমিটি গঠন করা হইয়াছে।